

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ / ০১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২২০-আইন/২০১৫/৭৩৯-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১০৯-আইন/২০১৪/৭০৪-মূসক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(১) টেবিল ১ এর পরিবর্তে নিম্নরূপ টেবিল-১ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“টেবিল-১
(আমদানি পর্যায়)

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) | সম্পূরক শুল্ক হার (%) |
|------------------------------------|---|--|--------------------------|
| (১) | (২) | (৩) | (৪) |
| 04.02 | 0402.10.90 0402.21.90 0402.29.90 | গুঁড়া দুধ: খুচরা বিক্রয়ের জন্য মোড়কজাত নহে (২.৫ কেজির উর্ধ্বে) | শূন্য |
| 27.11 | 2711.21.00 | প্রাকৃতিক গ্যাস (গ্যাসীয় অবস্থায়) | শূন্য”; |

(২) টেবিল ২ এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.)-

(ক) 24.02 এবং উহার বিপরীতে কলাম (২), (৩) এবং (৪) এ উল্লিখিত
এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ
প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | | |
|--------|------------|---|----|
| “24.02 | 2402.20.00 | তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার শর্তে): | |
| | | (১) আঠার টাকা | ৪৮ |
| | | (২) একুশ টাকা হইতে বিয়াল্লিশ টাকা পর্যন্ত | ৬০ |
| | | (৩) চুয়াল্লিশ টাকা হইতে উনসত্তর টাকা পর্যন্ত | ৬১ |
| | | (৪) সত্তর টাকা ও তদুর্ধ্ব | ৬৩ |
| | | শর্তঃ ০৩.০৬.২০১৫ খ্রিঃ তারিখে বিদ্যমান প্রতি | |

দশ শলাকার সিগারেটের বিপরীতে ৩২.৫০ টাকা হইতে ৩৫.০০ টাকা পর্যন্ত মূল্যস্তরের সকল ব্রান্ডের সিগারেটের মূল্য ন্যূনতম ১০(দশ) টাকা বৃদ্ধিপূর্বক নতুন মূল্য নির্ধারণ করিতে হইবে। এছাড়া, ০৩.০৬.২০১৫ খ্রিঃ তারিখে বিদ্যমান প্রতি দশ শলাকার সিগারেটের বিপরীতে ৫০.০০ টাকা হইতে ৫৪.০০ টাকা পর্যন্ত মূল্যস্তরে বিদ্যমান সকল ব্রান্ডের সিগারেটসমূহকে উল্লিখিত ৭০.০০ টাকা ও তদুর্ধ্ব মূল্যে মূল্য নির্ধারণ করিতে হইবে। সর্বোপরি, ০৩.০৬.২০১৫ খ্রিঃ তারিখে বিদ্যমান ৯০.০০ টাকা ও তদুর্ধ্ব মূল্যস্তরে বিদ্যমান সকল ব্রান্ডের সিগারেটের মূল্য ন্যূনতম ১০(দশ) টাকা বৃদ্ধিপূর্বক নতুন মূল্য নির্ধারণ করিতে হইবে।

2402.90.00 (ক) যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরী বিড়ি ২৫
(ফিল্টার বিয়ুক্ত)
(খ) যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরী বিড়ি ৩০”;
(ফিল্টার সংযুক্ত)

(খ) 48.13 এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-
“48.13 সংশ্লিষ্ট সিগারেট পেপার/বিড়ি পেপার (সাইজ মত ২০”;
এইচ,এস,কোড কর্তিত হউক বা না হউক অথবা বুকলেট বা টিউবের আকারে)

(গ) 69.10 এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-
“69.10 সংশ্লিষ্ট সিরামিকের সিঙ্ক, বেসিন, প্যাডেস্টাল বেসিন, শূন্য
এইচ,এস,কোড কমোড বা উহার অংশ, যে কোন ধরনের প্যান
ও বাথরুমের অন্যান্য ফিটিংস ও ফিল্মার্স
সংশ্লিষ্ট সিরামিকের বাথটাব ও জিকুজি, শাওয়ার, ২০”;
এইচ,এস,কোড শাওয়ার ট্রে

(ঘ) টেবিল ৩ এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) S০১২ এর বিপরীতে কলাম (২) এর সেবার কোড S০১২.১০ এর বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত “৫” সংখ্যার পরিবর্তে “৩” সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
সচিব